জিয়াউর রহমানের সমাধিতে বিএনপির নেতাকর্মীদের ঢল



সংগৃহীত ছবি

বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে রাজধানীর শেরে বাংলা নগরে অবস্থিত জিয়া উদ্যানে নেতাকর্মীদের ব্যাপক উপস্থিতি দেখা গেছে। পূর্বঘোষিত কর্মসূচির অংশ হিসেবে শনিবার (৩০ মে) সকাল থেকেই সেখানে জড়ো হতে থাকেন দলটির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

বেলা সাড়ে ১১টার দিকে জিয়াউর রহমানের সমাধিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। পরে তিনি দলের নেতাকর্মীদের সঙ্গে নিয়ে সুরা ফাতিহা পাঠ করেন এবং বিশেষ মোনাজাতে অংশ নেন।

প্রধানমন্ত্রীর আগমনকে কেন্দ্র করে সকাল থেকেই জিয়া উদ্যান এলাকায় উৎসবমুখর পরিবেশ তৈরি হয়। ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা মিছিল ও স্লোগানের মাধ্যমে সমাধিস্থলের আশপাশে অবস্থান নেন।

এসময় বিএনপির কেন্দ্রীয় নেতৃবৃন্দ, মন্ত্রিপরিষদের সদস্য, উপদেষ্টা, সংসদ সদস্য এবং দলীয় বিভিন্ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন।

LENS ASIA